

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
হিসাব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
www.cga.gov.bd



নং-০৭.০৩.০০০০.০০৩.০৯.১৯৫(খড-২).১৪.৪৬০

তারিখ: ১৭/০১/২০২২ খ্রি.

অফিস আদেশ

বিষয়: GPF Final Payment- এর পূর্বে আনুতোষিক প্রদান না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সাম্প্রতিক কালে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের অধীনস্থ বিভিন্ন হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ের নিরীক্ষার আওতাধীন অফিসসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর GPF Final Payment- এর আগে আনুতোষিক প্রদানের ঘটনা লক্ষ্য করা যাচ্ছে। কোন কর্মকর্তা/কর্মচারীকে GPF Final Payment- এর জন্য iBAS\*\* সিস্টেমে Employee- হিসাবে থাকা বাধ্যতামূলক। অপরদিকে, সরকারি কর্মকর্তা/কর্মচারী অবসর গ্রহণের পর সরকারি আদেশ অনুযায়ী তার সর্বশেষ বেতনের উপর এককালীন বাবদ আনুতোষিক পেয়ে থাকেন। GPF Final Payment- এর আগে আনুতোষিক প্রদান করা হলে iBAS\*\* সিস্টেমে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা/কর্মচারীকে পেনশনার হিসাবে দেখাতে হয়, যার ফলে GPF Final Payment- করার সময় iBAS\*\* সিস্টেমে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা/কর্মচারীকে Employee- হিসাবে আর পাওয়া যায় না। এখন থেকে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের GPF Final Payment- এর পূর্বে কোনক্রমেই আনুতোষিক প্রদান করা যাবে না মর্মে আদিষ্ট হয়ে নির্দেশনা প্রদান করা হলো।

**স্বাক্ষরিত**


(কাজী কাইয়ুম হোসেন)  
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)  
ফোন: ৪৯৩৪২৮৪৪  
Email: dcgaacc@cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০৩.০৯.১৯৫(খড-২).১৪.৪৬০(২-৬)

তারিখ: ১৭/০১/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার তিথিতে নয়):

- ১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
- ২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার(সকল)।
- ৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস এর কার্যালয় (সকল)।
- ৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৬। অফিস কপি।

  
১৭/০১/২০২২  
(মোঃ আফজাল-উল-বাহার)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা  
হিসাব ও সিডিপিইউ শাখা  
ফোন: ৮-৩৯২৩২১